

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/১১৮

তারিখঃ ১৮ মে, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে তফসিলি ব্যাংকসমূহ খোলা ও বন্ধ রাখা এবং সময়সূচী প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের এসডিএডি সার্কুলার লেটার নং-০৭ তারিখঃ ১৮ মে, ২০২৬ইং।


আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৩ মে, ২০২৬ তারিখ শনিবার ও ২৪ মে, ২০২৬ তারিখ রবিবার তফসিলি ব্যাংকসমূহের সকল শাখা/উপশাখা স্বাভাবিক সময়সূচী অনুযায়ী খোলা থাকবে।

কেবল ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেন সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখাসমূহ আগামী ২৫ মে, ২০২৬ তারিখ সোমবার ও ২৬ মে, ২০২৬ তারিখ মঙ্গলবার সূত্রোক্ত সার্কুলারে বর্ণিত সময়সূচী অনুযায়ী পরিচালিত হবে।

সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ ২৫ মে, ২০২৬ তারিখ হতে ৩১ মে, ২০২৬ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সীমিত আকারে চলমান থাকবে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,


মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে (০১ পাতা)।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

www.bb.org.bd

সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড
এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)

এসডিএডি সার্কুলার লেটার নং- ০৭

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৮ মে ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে তফসিলি ব্যাংকসমূহ খোলা ও বন্ধ রাখা প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ মে ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০২০.২৫.৪৪ এর অনুবৃত্তিক্রমে আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে আগামী ২৩ মে ২০২৬ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৬ তারিখ রবিবার তফসিলি ব্যাংকসমূহের সকল শাখা/উপশাখা স্বাভাবিক সময়সূচি অনুযায়ী খোলা থাকবে এবং ২৫ মে ২০২৬ তারিখ সোমবার হতে ৩১ মে ২০২৬ তারিখ রবিবার পর্যন্ত ব্যাংকসমূহ বন্ধ থাকবে।
- ঈদ-উল-আজহার পূর্বে তৈরি পোশাক শিল্প খাতে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধ এবং পোশাক শিল্প খাতের আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট ব্যাংকিং কার্যক্রম চলমান রাখার সুবিধার্থে কেবল ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেন সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখাসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক আগামী ২৫ মে ২০২৬ তারিখ সোমবার ও ২৬ মে ২০২৬ তারিখ মঙ্গলবার নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

অফিস সময়সূচি	লেনদেনের সময়সূচি
সকাল ১০:০০ টা হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত	সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত

- সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ০৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং - ২৪ অনুসারে ২৫ মে ২০২৬ তারিখ হতে ৩১ মে ২০২৬ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখতে হবে। তবে, এক্ষেত্রে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।
- ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)
পরিচালক (এসডিএডি)
ফোন: ৯৫৩০০৯৩

18/5/2026